

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৪২

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان) পরিচ্ছেদঃ ৬৮. কবিতা প্রজ্ঞার প্রকাশ - এ সম্পর্কে

باب فِي إِنَّ مِنْ الشِّعْرِ حِكْمَةً

আরবী

أَخْبَرَنَا أَبُو عَاصِمٍ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ زِيَادٍ هُوَ ابْنُ سَعْدٍ أَخْبَرَنِي أَنَّ ابْنَ شِهَابٍ أَخْبَرَهُ عَنْ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ هِشَامٍ عَنْ مَرْوَانَ بْنِ الْحَكَمِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ فِشَامٍ عَنْ مَرْوَانَ بْنِ الْحَكَمِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَسْوَدِ بْنِ عَبْدِ يَغُوثَ عَنْ أَبُيِّ بْنِ كَعْبٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ مِنْ الشَّعْرِ حِكْمَةً الشَّعْرِ حِكْمَةً

বাংলা

২৭৪২. 'উবাই ইবনু কা'ব রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "নিশ্চয়ই কোন কোন কবিতার মধ্যে জ্ঞানের কথাও আছে।" [1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ। ইবনু জুরাইজ এটি 'আন আন' শব্দে বর্ণনা করেছেন, তবে আহমাদে তিনি 'হাদ্দাছানা' বলে বর্ণনা করেছেন। (ফলে আহমাদের সনদটি জাইয়্যেদ- যা পরে উল্লেখিত হয়েছে।'

তাখরীজ: বুখারী, আদাবুল মুফরাদ নং ৮৫৮, ৮৬৪; আস সহীহ, আদাব ৬১৪৫; আহমাদ ৫/১২৫ জাইয়্যেদ সনদে; ; বাগাবী, শারহুস সুন্নাহ নং ৩৩৯৮; বাইহাকী; হাজ্জ ৫/৬৮, শাহাদাত ১০/২৩৭; মা'রিফাতুস সুনান ওয়াল আছার নং ২০২১০; আহমাদ, মুসনাদ ও আব্দুল্লাহ ইবনু আহমাদ, যাওয়াইদ আলাল মুসনাদ ৫/১২৫; তাহাবী, শারহু মা'আনিল আছার ৪/২৯৭; ইবনু আবী শাইবা ৮/৬৯১ নং ৬০৫৬; আবু দাউদ, আদাব ৫০১০; ইবনু মাজাহ, আদাব ৩৭৫৫; আবুর রায্যাক, নং ২০৪৯৯; তায়ালিসী ২/৬৬ নং ২২২০, এ সনদটি সহীহ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 83027$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন